

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫০

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৬৯. পানি বিক্রয় করা নিষিদ্ধ সম্পর্কে

### باب فِي النَّهْيِ عَنْ بَيْعِ الْمَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا ابْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ أَبِي الْمُنْهَالِ قَالَ سَمِعْتُ إِيَّاسَ بْنَ عَبْدِ الْمُزْنِيِّ وَكَانَ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَا تَبِيعُوا الْمَاءَ فَإِنِّي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْهَى عَنْ بَيْعِ الْمَاءِ وَقَالَ عَمْرُو بْنُ دِينَارٍ لَا نَدْرِي أَيَّ مَاءٍ قَالَ يَقُولُ لَا أُدْرِي مَاءً جَارِيًا أَوْ الْمَاءِ الْمُسْتَقَى

বাংলা

২৬৫০. আবুল মিনহাল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইয়াস ইবনে আবদ আল-মুযানী-যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ছিলেন, তাকে আমি বলতে শুনেছি যে, তিনি (কিছু লোককে পানি বিক্রয় করতে দেখে) বলেন, তোমরা পানি বিক্রয় করো না। কেননা, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পানি বিক্রয় করতে নিষেধ করতে শুনেছি।[1] আমার ইবনু দীনার বলেন, আমি জানি না কোন্ পানি। তিনি বলেন: তিনি বলতেন: আমি জানি না যে তা প্রবহমান পানি, নাকি (কুপের) পানের পানি।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ বুখারীর শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৯৫২ এবং মাওয়ারিদুয যাম'আন নং ১১১৭ এবং মুসনাদুল হুমাইদী ৯৩৬ তে। ((আহমাদ ৩/৪১৭, ৪/১৩৮; আবু দাউদ, বুযু ৩৪৭৮; তিরমিযী, বুযু ১২৭১; নাসাঈ, বুযু, নং ৪৬৪১; ইবনু মাজাহ ২৪৭৬; হাকিম ২/৬১ ...।-ফাতহুল মান্নান হা/২৭৭৬ এর টীকা হতে। - অনুবাদক))

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মিনহাল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82935>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন